

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৮৫৯

১/ বিবিধ

আরবী

أحب شيء إلى الله تعالى الغرباء، قيل: ومن الغرباء؟ قال: الفرارون بدينهم، يبعثهم  
الله يوم القيامة مع عيسى ابن مريم عليهما السلام  
ضعيف

أخرجه أبو نعيم في " الحلية " ( 1 / 25 ) وعنه الديلمي ( 1 / 1 / 86 ) من طريق سفيان  
بن وكيع: حدثنا عبد الله بن رجاء عن ابن جريج عن ابن أبي مليكة عن عبد الله بن  
عمرو قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره

قلت: وهذا إسناد ضعيف، سفيان بن وكيع قال الذهبي عنه في " الضعفاء ": " قال أبو  
زرعة: كان متهما بالكذب ". وقال الحافظ في " التقريب ": " كان صدوقا، إلا أنه ابتلي  
بوراقه، فأدخل عليه ما ليس من حديثه، فنصح، فلم يقبل، فسقط حديثه ". وابن جريج  
مدلس، وقد عنعنه. وعبد الله بن رجاء هو المكي أبو عمران البصري، وهو ثقة

বাংলা

১৮৫৯। আল্লাহর নিকট সর্বাপেক্ষা পছন্দনীয় বস্তু হচ্ছে গুরাবারা। জিজ্ঞেস করা হলো, গুরাবা কারা? তিনি  
বললেনঃ যারা তাদের দ্বীন নিয়ে পলায়ন করে তারা। তাদেরকে আল্লাহ্ তা'আলা কিয়ামতের দিন ঈসা ইবনু  
মারইয়াম (আঃ)এর সাথে উঠাবেন।

হাদীসটি দুর্বল।

এটিকে আবু নুয়াইম "আলহিলইয়্যাহ" (১/২৫) আর তার থেকে দাইলামী (১/১/৮৬) সুফইয়ান ইবনু অকী সুত্রে আব্দুল্লাহ ইবনু রাজা হতে, ইবনু জুরায়েয হতে, ইবনু আবী মুলাইকাহ হতে, তিনি আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। সুফইয়ান ইবনু অকী' সম্পর্কে হাফিয যাহাবী "আয যুয়াফা" গ্রন্থে বলেনঃ আবু যুর'আহ বলেনঃ তিনি মিথ্যা বর্ণনা করার দোষে দোষী ছিলেন।

হাফিয ইবনু হাজার "আত তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী ছিলেন। কিন্তু পৃষ্ঠার অনুপ্রবেশকারীদের পক্ষ থেকে তাকে পরীক্ষায় পড়তে হয়েছিল। তার (লেখার) মধ্যে এমন কিছু ঢুকিয়ে দেয়া হয়েছিল যা তার হাদীসের অন্তর্ভুক্ত ছিল না। অতঃপর তাকে নাসীহাত করা হয়। কিন্তু তিনি নাসীহাত গ্রহণ করেননি। ফলে তার হাদীস নিষ্কিণ্ড হয়ে যায়।

আর ইবনু জুরায়েয হচ্ছেন মুদাল্লিস, তিনি আন আন করে বর্ণনা করেছেন।

আব্দুল্লাহ ইবনু রাজা হচ্ছেন মাক্কী আবু ইমরান বাসরী, আর তিনি নির্ভরযোগ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72742>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন